গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বাঘারপাড়া, যশোর।
Ucf.jsr.bagherpara@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৪১০৯.৩০৪.৫৭.০০৯.২৪.৩৫৮

তারিখঃ ১৬/০৬/২০২৫ খ্রিঃ।

খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা বাঘারপাড়া উপজেলার সকল সাধারণ ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলায় ১৪/১০/২০২৪ খ্রিঃ তারিখে সরকার কর্তৃক জারিকৃত খাদ্যশস্য বিক্রয় খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪ এর অনুবৃত্তিক্রমে বাঘারপাড়া উপজেলায় খাদ্যবান্ধব কমিটির গৃহীত সিদ্ধান্ত মোতাবেক খাদ্যবান্ধব কর্মসূচীর কার্যক্রম পরিচালনার, জন্য নিম্নলিখিত ইউনিয়নের বিক্রয়স্থানে ০১ (এক) জন করে ডিলার নিয়োগ করা হবে।

| ক্রঃনং | ইউনিয়নের নাম | বিক্রয়ের স্থান ও সংখ্যা |
|---|---|---|
| ১ | জহরপুর | মাঝিয়ালী বাজারে ০১ (এক) জন, বেতালপাড়া বাজারে ০১ (এক) জন |
| ২ | বন্দবিলা | খাজুরা বাজারে ০১ (এক) জন, পুলেরহাট বাজারে ০১ (এক) জন,গাইদঘাট বাজারে ০১ (এক) জন |
| ৩ | রায়পুর | রায়পুর বাজারের পূর্ব মাথায় ০১ (এক) জন, রায়পুর বাজারের পশ্চিম মাথায় ০১ (এক) জন |
| ৪ | নারিকেলবাড়িয়া | অন্তরামপুর বাজারে ০১ (এক) জন |
| ৫ | দোহাকুলা | কুঠিবাড়ি বাজারে ০১ (এক) জন,বহরামপুর বাজারে ০১ (এক) জন |
| ৬ | দরাজহাট | হাবুল্যা বাজারে ০১ (এক) জন,ছাতিয়ানতলা বাজারে ০১ (এক) জন |
| ৭ | বাসুয়াড়ী | চাড়াভিটা বাজারে ০১ (এক) জন,মাহমুদপুর বাজারে ০১ (এক) জন |
| ৮ | জামদিয়া | ধলগারাস্তা মোড় বাজারে ০১ (এক) জন, ভিটাবল্যা বাজারে ০১ (এক) জন |

আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন আহবান করা যাচ্ছে:

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদন ফরম বিক্রিকারী কার্যালয় | : | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বাঘারপাড়া, যশোর। |
| ২। | আবেদন ফরম বিক্রির তারিখ | : | ১৬/০৬/২০২৫ খ্রিঃ হতে ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ৪ টা পর্যন্ত |
| ৩। | আবেদনপত্র জমাদানের তারিখ | : | ১৬/০৬/২০২৫ খ্রিঃ হতে ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ৫ টা পর্যন্ত |
| ৪। | আবেদনপত্র জমাদানের স্থান | : | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বাঘারপাড়া, যশোর। |
| ৫। | আবেদনপত্র যাচাই-বাছাই এর সময়সীমা | : | ২৯/০৬/২০২৫ খ্রিঃ |
| ৬। | যোগ্য ও অযোগ্য আবেদনকারীর তালিকা প্রকাশ | : | ২৯/০৬/২০২৫ খ্রিঃ |
| ৭। | লটারির/ফল প্রকাশের সময়, তারিখ ও স্থান | : | ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ২.৩০ টার সময় উপজেলা নির্বাহী অফিসার এঁর অফিস কক্ষ, বাঘারপাড়া, যশোর। |

আবেদনকারীর যোগ্যতা ও শর্তাবলীঃ

১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্দ্ধে বাঘারপাড়া উপজেলার স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।

২। আবেদনকারীকে বাঘারপাড়া উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের ট্রেড লাইসেন্সধারী হতে হবে ও ফুড গ্রেইন লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে।

৩। আবেদন কারীকে ব্যংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে এবং স্থিতি নূন্যতম ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা থাকতে হবে। আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মেঃটন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।

৪। আবেদনকারীর দোকানের মেঝে ও দেয়াল পাকা, খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষনের উপযোগী হতে হবে।

৫। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারনে ডিলারশীপ বাতিল হলে তিনি খাদ্যবান্ধব ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।

৬। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

৭। কোন ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতিত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে; এর ব্যতয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে।

৮। খাদ্যবান্ধব ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেকট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।

৯। খাদ্যশস্য বিক্রয় (খাদ্যবান্ধব) নীতিমালা, ২০২৪ অনুযায়ী বিদ্যমান ডিলারগণও নতুন ভাবে ডিলার প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন। নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসেবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে।

১০। খাদ্যবান্ধব কর্মসূচীর ডিলার এর মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর, ডিলারের লাইসেন্স প্রতি বছর নবায়ন করতে হবে।

১১। আবেদনের ফরম পূরণ করে তার সাথে (ক) পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি, (খ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র, (গ) ট্রেড লাইসেন্স এর ফটোকপি, (ঘ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি, (ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (চ) নাগরিকত্ব সনদের কপি, (চ) অঙ্গীগারনামা, খামের ওপর আবেদিত কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।

১২। একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক আবেদন করলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারিরর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।

১৩। ডিলার হিসেবে যোগদানকালে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বাঘারপাড়া, যশোরের অনুকুলে জমা দিতে হবে।

১৪। খাদ্যবান্ধব ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

১৫। একজন ব্যক্তি একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না।

১৬। খাদ্য অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে নির্বাচিত ডিলারের নিয়োগ আদেশ জারি করা হবে।

১৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৮। কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

বি:দ্র: বাঘারপাড়া উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

সীমা খানম
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বাঘারপাড়া, যশোর।